

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dam.gov.bd


স্মারক নং- ১২.০২.০০০০.০২০.১৬.০১৭.১২- ৪০

তারিখঃ ২০-০৫-২০১৭ খ্রিঃ

বিষয়ঃ আসন্ন পবিত্র রমজানের সময় নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য যৌক্তিক পর্যায়ে রাখার লক্ষ্যে জেলা পর্যায়ে টাঙ্কফোর্স কমিটির কার্যক্রম ও বাজার মনিটরিং কার্যক্রম জোরদারকরণ প্রসঙ্গে।

পবিত্র রমজান মাস আসন্ন। পবিত্র রমজান মাসের শুরুতে কৃষিপণ্যসহ সকল প্রকার ভোগ্যপণ্যের মূল্য বৃদ্ধির প্রবণতা লক্ষ্য করা যায়। ইতোমধ্যে কিছু কিছু পণ্যের চাহিদা বৃদ্ধিসহ মূল্য বৃদ্ধির প্রবণতা লক্ষ্য করা গিয়েছে। কৃষি বিপণন অধিদপ্তর কৃষকের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য প্রাপ্তিতে সহায়তা এবং ভোক্তা কর্তৃক সহনীয় মূল্যে পণ্য ক্রয়ে সহযোগিতা প্রদান করে থাকে। নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য যৌক্তিক ও সহনীয় পর্যায়ে রাখার, মাত্রাতিরিক্ত মুনাফা অর্জনের প্রবণতা রোধ, পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি রোধ, পণ্যে ভেজাল রোধ প্রভৃতি কারণে বাজার মনিটরিং কার্যক্রম জোরদার করা একান্ত প্রয়োজন। দ্রব্যমূল্য সহনীয় ও সরবরাহ স্থিতিশীল রাখা, পণ্যের ভেজাল রোধ এবং খাদ্যে ক্ষতিকর কেমিক্যাল ব্যবহার রোধে বাজার পরিচালনা কমিটি, জেলা প্রশাসন ও জেলা পর্যায়ে গঠিত জেলা টাঙ্কফোর্স কমিটির সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও পরামর্শক্রমে মনিটরিং কার্যক্রমে সহযোগিতা প্রদান অত্যন্ত জরুরী।

২। এমতাবস্থায়, সকল প্রকার নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য ও সরবরাহ স্থিতিশীল রাখার স্বার্থে সংশ্লিষ্ট সকল পক্ষের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষাসহ পণ্য সহজলভ্য ও মূল্য সহনীয় রাখতে সম্ভব সকল কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।



(মোঃ মাহবুব আহমেদ)

মহাপরিচালক

ফোনঃ ৯১১৪৩১০

e-mail: dg@dam.gov.bd

জেলা বাজার কর্মকর্তা/বাজার অনুসন্ধানকারী

.....।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক (সকল)
- ৪। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট বিভাগ।
- ৫। ICT সেল, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইট-এ প্রকাশের জন্য)।

* পরিকল্পিত কৃষি উৎপাদন সূচু বিপণন ব্যবস্থার সহায়ক।